

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ১৭ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/০২ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নং ২৭৯-আইন/আয়কর-১১/২০২৩—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ট্রাস্ট এর ব্যাংক সুদ হইতে অর্জিত আয় ব্যতীত অন্যান্য সকল প্রকার অনুদান এবং আয়কে উক্ত আইনের অধীন আরোপনীয় আয়কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ১০ (দশ) বৎসরের জন্য অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তাবলি

- (ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে অব্যাহতিপ্রাপ্ত আয় কেবল ১৯৭১: গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর ট্রাস্ট এর পরিচালন ও উন্নয়ন কর্মকাণ্ডে ব্যয় করিতে হইবে;
- (খ) উক্ত ট্রাস্টকে উক্ত আইনের ধারা ৭৬ এর উপ-ধারা (৫) এ বর্ণিত শর্তাবলি পরিপালন করিতে হইবে; এবং

(১৩৮৫৩)

মূল্য : টাকা ৪.০০

(গ) উক্ত ট্রাস্টে প্রাপ্ত সকল অনুদান ব্যাংকিং চ্যানেলে গ্রহণ করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

সিনিয়র সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।